



ESTD: 1952

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE

info@vnsc.edu.bd, vnsc.edu@gmail.com www.vnsc.edu.bd

EIIN:108357

২০২৪ শিক্ষাবর্ষে বাংলা ও ইংরেজি ভাসনে ১ম থেকে ৯ম শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডিজিটাল লটারী পদ্ধতিতে মেধা তালিকায় নির্বাচিত ২০২৪ শিক্ষাবর্ষে ১ম থেকে ৯ম শ্রেণিতে সকল শাখার বাংলা ও ইংরেজি ভাসনে (প্রভাতি ও দিবা শাখায়) শিক্ষার্থীদের ভর্তির জন্য আবেদনপত্রের কপিসহ বিভিন্ন কোটা প্রমাণের প্রয়োজনীয় কাগজপত্র অত্র প্রতিষ্ঠানের নির্বাচিত শাখা ও শিফটে ০১ ডিসেম্বর ২০২৩ তারিখে সকাল ০৯:০০টা থেকে দুপুর ১২:০০টার মধ্যে জমা দিতে হবে।

অনলাইন আবেদন ফরমের প্রিন্ট কপি জমা দেওয়ার জন্য করণীয়:

- ১। সকল শিক্ষার্থীর জন্য নিবন্ধনের ফটোকপি/অনলাইন কপি আবেদনকৃত ফরমের সাথে জমা দিতে হবে। সকল জন্ম সনদ অনলাইনে যাচাই করা হবে। আবেদনকারীর অনলাইন জন্ম নিবন্ধনের সাথে আবেদন ফরমের কোন ভুল বা তথ্যে গরমিল থাকলে ভর্তির জন্য অযোগ্য বিবেচিত হবে।
- ২। আবেদনপত্র জমা দেওয়ার সময় শিক্ষার্থীর পিতা-মাতার NID/Passport এর ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।
- ৩। বিভিন্ন কোটার জন্য প্রয়োজনীয় কাগজপত্র :
 - মুক্তিযোদ্ধা কোটা (FF): এই কোটার এর জন্য প্রার্থীকে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মূল সনদের ফটোকপি জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা দাদা হলে বাবার National ID এর ফটোকপি এবং মুক্তিযোদ্ধা নানা হলে মায়ের National ID/এস.এস.সি সার্টিফিকেটের ফটো কপি জমা দিতে হবে। মা এস.এস.সি পাশ না হলে মায়ের বিবাহের কাবিন নামার ফটো কপি জমা দিতে হবে।
 - বোনের কোটা (SIB): এই কোটার জন্য শিক্ষার্থীর সহোদর বোন এই স্কুলের যে শাখায় যে শিফটে অধ্যয়নরত প্রার্থীকে সেই শাখার সেই শিফট থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। সহোদর বোনের নাম, শ্রেণি, সেকশন, ক্রমিক নম্বর, শিফট ও Student ID নম্বর উল্লেখ করতে হবে।
 - ক্যাচমেন্ট এরিয়া (সেবা অঞ্চল) কোটা (CA) : এই কোটার এর জন্য প্রার্থীকে নিজ বাড়ির ক্ষেত্রে Utility Bill, ভাড়াটিয়ার ক্ষেত্রে Utility Bill ও বাড়ি ভাড়ার চুক্তিপত্র (স্ট্যাম্প), সরকারী কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে Utility Bill ও Allotment Letter এর কপি জমা দিতে হবে এবং আবেদন পত্র জমা দেয়ার সময় মূল কপি প্রদর্শন করতে হবে।
 - প্রতিবন্ধি কোটা (DIS): এই কোটার প্রমাণস্বরূপ সমাজসেবা অধিদপ্তরের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
 - শিক্ষা মন্ত্রণালয় কোটা (ME) : এই কোটার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থায় কর্মরত -কর্মচারীগণের সন্তানদের ক্ষেত্রে আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
 - লিল্লাহ বোর্ডিং কোটা (LB) : এই কোটার জন্য সরকার অনুমোদিত লিল্লাহ বোর্ডিং থেকে গৃহীত প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।
- ৪। ভর্তিকৃত শিক্ষার্থী ও তার পিতা মাতার নাম/নামের কোন অংশ পরবর্তী সময়ে কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য এ বিষয়ে কোন আবেদন গ্রহণ করা হবে না। যে কোন অসম্পূর্ণ ফরম বাতিল হিসেবে গণ্য হবে।
- ৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডিজিটাল লটারীতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী কোন ক্রমেই ব্রাঞ্চ বা শিফট পরিবর্তন করতে পারবে না। সহোদর বোনের ক্ষেত্রেও ব্রাঞ্চ বা শিফট পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
- ৬। অনলাইনে ভর্তি ফি প্রদানের তারিখ, সময় ও বিস্তারিত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে পাওয়া যাবে। ভর্তির জন্য শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইল নাম্বারে (আবেদন ফরমে প্রেরিত নম্বর) এসএমএস এর মাধ্যমে ছাত্রীদের আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হবে।
- ৭। এই স্কুলে ভর্তির জন্য এ প্রতিষ্ঠানের ভেতরে বা বাইরের কোন ব্যক্তির মাধ্যমে তদবির অথবা আর্থিক লেনদেন করে প্রতারণার শিকার না হওয়ার জন্য অভিভাবকদের পরামর্শ দেয়া হল।

অনলাইন আবেদন ফরমের প্রিন্ট কপি জমা দেওয়ার সময়সূচী:

তারিখ: ০১/১২/২০২৩

সময়: সকাল ০৯:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

কেকা রায় চৌধুরী

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

Azimpur Campus

101, Pilkhana Road,

Azimpur, Dhaka-1205

Tel : +8802-223366359

azimpur@vnsc.edu.bd

Main Campus

1/A, New Baily Road,

Ramna, Dhaka - 1000.

Tel: +8802-58310500

main@vnsc.edu.bd

Dhanmondi Campus

Road # 08, House # 06,

Dhanmondi, Dhaka-1205

Tel : +8802-223368080

dhanmondi@vnsc.edu.bd

Bashundhara Campus

Block # F, Road # 6, Plot # 181/A,

Bashundhara R/A, Dhaka-1229

Tel : +8802-55037424

bashundhara@vnsc.edu.bd



ESTD: 1952

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE

info@vnsc.edu.bd, vnsc.edu@gmail.com www.vnsc.edu.bd

EIIN:108357

২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি নোটিশ

এতদ্বারা ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের সকল প্রভাতি ও দিবা শাখার (বাংলা ও ইংরেজি মাধ্যম) ২০২৪ শিক্ষাবর্ষে ১ম থেকে ৯ম শ্রেণিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডিজিটাল লটারী প্রক্রিয়ায় নির্বাচিত শিক্ষার্থীদের জমাকৃত আবেদন ফরম ও কাগজপত্র যাচাই বাছাই করে চূড়ান্তভাবে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ করে ও ভর্তি ফি পরিশোধ করে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ক্র. নং	বিবরণ	তারিখ
০১	লটারী প্রক্রিয়ায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির জন্য এসএমএস এর মাধ্যমে User ID ও Password প্রদান (আবেদন ফরমে উল্লিখিত SMS নম্বরে)	০৩/১২/২০২৩ দুপুর ১২:০০ টা
০২	লটারীর মাধ্যমে নির্বাচিত ছাত্রীদের অনলাইনে ভর্তি ফি প্রদান, ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ	০৩/১২/২০২৩ তারিখ দুপুর ১২:০০ হতে ০৫/১২/২০২৩ তারিখ দুপুর ০৩:০০ পর্যন্ত
০৩	আসন শূন্য থাকা সাপেক্ষে ১ম অপেক্ষমান তালিকা প্রকাশ	০৫/১২/২০২৩ বিকাল ০৫:০০ টা
০৪	যাচাই বাছাই পূর্বক ১ম অপেক্ষমান তালিকা হতে (আসন শূন্য থাকা সাপেক্ষে, অত্র প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত তালিকা অনুযায়ী) অনলাইন আবেদন ফরমের প্রিন্ট কপি জমা দেওয়ার তারিখ ও সময়	০৬/১২/২০২৩ সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ টা
০৫	১ম অপেক্ষমান তালিকার ছাত্রীদের ভর্তির জন্য এসএমএস এর মাধ্যমে User ID ও Password প্রদান (আবেদন ফরমে উল্লিখিত SMS নম্বরে)	৭/১২/২০২৩ বিকাল ০৪:০০ টা
০৬	আসন শূন্য থাকা সাপেক্ষে ১ম অপেক্ষমান তালিকার ছাত্রীদের অনলাইনে ভর্তি ফি প্রদান, ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ	০৮/১২/২০২৩ তারিখ দুপুর ১২:০০ হতে ১০/১২/২০২৩ তারিখ দুপুর ০৩:০০ পর্যন্ত
০৭	পূরণকৃত ভর্তি ফরম স্ব স্ব শাখায় জমা দেওয়ার সময়সূচী	২৩/১২/২০২৩ সকাল ০৯:০০ থেকে দুপুর ১২:০০ টা
০৮	বই উৎসব ও ক্লাস শুরু	পরবর্তীতে জানানো হবে।
০৯	ক্লাসের সময়সূচী (শীতকালীন সময়সূচী)	প্রভাতি শাখা : সকাল ০৮:১৫ থেকে দুপুর ০৯:৫০ পর্যন্ত দিবা শাখা : দুপুর ১২:২০ টা থেকে ০২:২০ পর্যন্ত

ভর্তি ফিসঃ বাংলা মাধ্যম : ৮,০০০/- (আট হাজার টাকা)

ইংরেজি ভাষন : ১০,০০০/- (দশ হাজার টাকা)

বিশেষ দ্রষ্টব্য :

- সোনালী ব্যাংক লিমিটেড এর অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে/বিকাশ এ্যাপস/রকেট/নেস্‌বাস-পে এর মাধ্যমে ভর্তি ফিস প্রদান করে ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ভর্তিকৃত ছাত্রীদের ভর্তি ফরম জমা দেওয়ার সময় অবশ্যই অনলাইনে ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করে (স্কুল ড্রেস পরিহিত শিক্ষার্থীর, পিতা ও মাতার ছবি) এবং প্রদানকৃত বেতন রশিদের কপি ভর্তি ফরমে সংযুক্ত করে উপরে উল্লিখিত নির্ধারিত সময়ে স্ব স্ব শাখায় জমা দিতে হবে।
- লটারীর মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত আসনটি শূন্য বলে গণ্য হবে এবং শূন্য আসন অপেক্ষমান তালিকার ক্রমানুসারে পূরণ করা হবে।
- ক্লাস শুরুর প্রথম দিন হতে স্কুলের নির্ধারিত পোশাক পরে স্কুলে আসতে হবে। এছাড়াও ছাত্রীদের আইডি কার্ডের জন্য ৩১/১২/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে ছাত্রীদের স্কুল ড্রেস পরিহিত ছবি আপলোড করতে হবে। (প্রতিটি শাখায় ড্রেস সরবরাহকারীর দোকানে নির্ধারিত স্কুল ড্রেস পাওয়া যায়)
- অনলাইনে আবেদন ফরম পূরণ ও বেতন পরিশোধের জন্য কারিগরি সহযোগিতার জন্য স্ব স্ব শাখা অফিসে যোগাযোগ করা যাবে।
(সকাল ১০:০০টা থেকে দুপুর ০৩:০০ পর্যন্ত)

(Signature)
২৩.১১.২৩

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

কেকা রায় চৌধুরী

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

টাকা

Main Campus

1/A, New Baily Road,
Ramna, Dhaka - 1000.
Tel: +8802-58310500
main@vnsc.edu.bd

Dhanmondi Campus

Road # 08, House # 06,
Dhanmondi, Dhaka-1205
Tel : +8802-223368080
dhanmondi@vnsc.edu.bd

Bashundhara Campus

Block # F, Road # 6, Plot # 181/A,
Bashundhara R/A, Dhaka-1229
Tel : +8802-55037424
bashundhara@vnsc.edu.bd

Azimpur Campus

101, Pilkhana Road,
Azimpur, Dhaka-1205
Tel : +8802-223366359
azimpur@vnsc.edu.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৬৫৪৫

তারিখ: ২৬/১১/২০২৩ খ্রি.

বিষয়: সারাদেশের সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারি পরবর্তী ভর্তি কার্যক্রম সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২৪২; তারিখ: ০৫ নভেম্বর ২০২৩

২। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).৩২৩৩; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.

৩। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩২৩৪; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে এন্ট্রি শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শূন্য আসনের বিপরীতে ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া ২৮/১১/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল লটারি অনুষ্ঠান পরবর্তী নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল সিট (অপেক্ষমান তালিকাসহ) ইতোমধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। ফলাফল সিটের প্রথম তালিকা অনুযায়ী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে, ১ম অপেক্ষমান তালিকা থেকে ক্রমিক নম্বর অনুসারে ০৪ (চার) কর্মদিবস এবং ২য় অপেক্ষমান তালিকা থেকে ক্রমিক নম্বর অনুসারে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি গ্রহণের সময় নিম্নোক্ত বিষয়গুলো আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

- ১) ২০২৪ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় ডিজিটাল লটারির আওতাভুক্ত সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ <https://gsa.teletalk.com.bd> লিংকে প্রবেশ করে প্রতিষ্ঠানের User ID ও Password দিয়ে Login করে ডাউনলোড অপশনটি Click করার পর তীর প্রতিষ্ঠানে আবেদনকারীদের তালিকা পেয়ে যাবেন। ডিজিটাল লটারিতে তীর প্রতিষ্ঠানের জন্য নির্বাচিত ১ম তালিকা এবং ১ম অপেক্ষমান তালিকার শিক্ষার্থীদের আবেদন সংক্রান্ত তথ্য এই লিংক থেকে যাচাই করতে পারবেন। লিংকে তথ্যাদি টাইপ করে Submit করলে আবেদনকারী কতবার আবেদন করেছে তা জানা যাবে। এক্ষেত্রে কোন আবেদনকারী তথ্য পরিবর্তন করে একাধিকবার আবেদন করে থাকলে ডিজিটাল লটারিতে তার ভর্তির নির্বাচন বাতিল বলে গণ্য হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠান তাঁদের ওয়েবসাইটে এবং শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে নির্বাচিতদের তালিকা প্রদর্শন করবেন;
- ২) ভর্তিকালীন নির্বাচিত শিক্ষার্থীদের কাগজপত্র পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করতে হবে;
- ৩) নির্বাচিত শিক্ষার্থীদের কাগজপত্র যাচাইকালীন শিক্ষার্থীর জন্ম সনদের মূল কপি, জন্ম সনদের অনলাইন কপি (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে যাচাই করতে হবে), পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি ভালো করে দেখতে হবে;
- ৪) মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে কোন শিক্ষার্থী নির্বাচিত হয়ে থাকলে (যাচাই সাপেক্ষে) তাকে ভর্তি করা যাবে না;
- ৫) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত ভর্তি নীতিমালায় যে সকল কোটা সংরক্ষিত রয়েছে ভর্তির সময়ে উক্ত কোটাসমূহে নির্বাচিত শিক্ষার্থীদের কোটা সংশ্লিষ্ট কাগজপত্র যথাযথভাবে যাচাই করতে হবে। শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটা ব্যতিত অন্যান্য কোটায় শূন্য আসন পূরণ না হলে সাধারণ নির্বাচিত শিক্ষার্থীদের মধ্য থেকে অপেক্ষমান তালিকার ক্রমানুসারে উক্ত শূন্য আসন পূরণ করতে হবে। কোনভাবেই আসন শূন্য রাখা যাবে না;
- ৬) সর্বোপরি, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারিকৃত ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ৭) উপরোল্লিখিত নির্দেশনা অনুসরণ না করে বিধিবিহীনভাবে কোন শিক্ষার্থী ভর্তি করা হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)

ও

সদস্য সচিব

ঢাকা মহানগরী ভর্তি কমিটি

ফোন ০২-৪১০৫০২৮৩

dd-sec@dshe.gov.bd

বিতরণ:

- ১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ)
- ২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (কেন্দ্রীয় ডিজিটাল লটারির অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ)

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক ১ ও ২)]
- ২। জেলা প্রশাসক (সকল);
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৬। জেলা শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [পত্রের নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ];
- ৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
- ১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
- ১১। সংরক্ষণ নথি।